বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েবসাইট:www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০৫.০২২-১৮২

তারিখঃ ০৫/০৯/১৪২৯বঙ্গাঃ
২০/১২/২০২২ খ্রিঃ

**দপ্তরাদেশ**

জনাব আফরোজা আক্তার (আইডি নং-৯৭০৭০৬০০১), সার্ভেয়ার (প্রকৌশল), ব্রাহ্মণবাড়ীয়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ব্রাহ্মণবাড়ীয়া গত ২৪/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং কর্মচারী পরিদপ্তরের স্মারক নং-১৪৪/(১৩)-পাউবো (কপ)/বি-২/সাঃবদলি-১/২০১৪, তারিখঃ ২৪/০২/২০২০ খ্রিঃ এর মাধ্যমে তাকে ব্রাহ্মণবাড়িয়া পওর উপ-বিভাগ, বাপাউবো, ব্রাহ্মণবাড়িয়া এর দপ্তর হতে ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকায় বদলির আদেশ জারির প্রেক্ষিতে বদলির আদেশাধীন দপ্তরে যোগদান না করায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরন ও পলায়নের দায়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ মোতাবেক কার্যধারা সূচনার প্রেক্ষিতে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০৫.২২-৮২ তারিখঃ ০৯/০৫/২০২২ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগ বিবরনীসহ অভিযোগনামা তার স্থায়ী এবং অফিসের ঠিকানায় প্রেরণ করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরণকৃত অভিযোগনামাটির বিষয়ে কোন উত্তর পাওয়া যায়নি এবং অফিসের ঠিকানায় প্রেরণকৃত অভিযোগনামাটি ডাকবিভাগ কর্তৃক " প্রাপক উক্ত ঠিকানাতে নাই, তাই ফেরত দেয়া হইল" মন্তব্য সহকারে অত্র দপ্তরে ফেরত প্রদান করা হয়। অভিযোগনামা প্রেরণের প্রেক্ষিতে উক্ত কর্মচারীর ১০ (দশ) কার্য দিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও নির্ধারিত সময়ে তিনি জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির আবেদনও করেননি। উক্ত কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনার প্রেক্ষিতে নির্ধারিত সময়ে অভিযোগনামার জবাব দাখিল না করায় এবং অভিযোগনামাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(২)(গ) মোতাবেক তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০৫.০২২-১১৬ তারিখঃ ১৪/০৬/২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উক্ত কর্মচারীর বিরুদ্ধে গত ২৪/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ সন্দেহাতিতভাবে প্রমাণিত হয়। পরবর্তীতে জনাব আফরোজা আক্তার (আইডি নং-৯৭০৭০৬০০১), সার্ভেয়ার (প্রকৌশল), ব্রাহ্মণবাড়ীয়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো ব্রাহ্মণবাড়ীয়া এর অননুমোদিত অনুপস্থিতির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য তার চাকুরী স্থায়ীকরন করা হয়েছে কি না সে সম্পর্কে বিস্তারিত তথ্য অত্র দপ্তরে প্রেরণের জন্য স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০৫.০২২-১৬৮ তারিখঃ ২৬/১০/২০২২ খ্রিঃ এর মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, ব্রাহ্মণবাড়ীয়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ব্রাহ্মণবাড়ীয়াকে অনুরোধ করা হয়। ইহার প্রেক্ষিতে নির্বাহী প্রকৌশলী, ব্রাহ্মণবাড়ীয়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ব্রাহ্মণবাড়ীয়া এর স্মারক নং-নিঃপ্রঃ/বিবা/পি-৭৩/৯৪২ তারিখঃ ০২/১১/২০২২ খ্রিঃ এর মাধ্যমে অত্র দপ্তরকে অবহিত করেন যে, অভিযুক্ত কর্মচারী গত ২৪/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং উক্ত কর্মচারীর চাকুরী অদ্যাবধি স্থায়ীকরণ করা হয়নি।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও উক্ত বিষয়ে নির্বাহী প্রকৌশলীর মন্তব্য অনুযায়ী জনাব আফরোজা আক্তার (আইডি নং-৯৭০৭০৬০০১), সার্ভেয়ার (প্রকৌশল), ব্রাহ্মণবাড়ীয়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো ব্রাহ্মণবাড়ীয়া এর বিরুদ্ধে গত ২৪/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ সন্দেহাতিতভাবে প্রমাণিত হওয়ায় এবং উক্ত কর্মচারীর চাকুরী অদ্যাবধি স্থায়ীকরণ না হওয়ায় কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-১১২৪-পাউবো(কউ)/আর-৪৭/২০১৮ তারিখ ১৫-১১-২০১৮ খ্রিঃ এর মাধ্যমে তাকে সার্ভেয়ার (প্রকৌশল) পদে নিয়োগ আদেশের শর্তাবলির ০২(ণ) শর্ত অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ হতে অর্থাৎ ২৪/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতীরেকে তাকে বাপাউবোর্ডের চাকুরী হতে চাকরীচ্যুত হিসাবে গণ্য করতঃ পদটি শূন্য বলে বিবেচনা করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৩। অতএব, উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব আফরোজা আক্তার (আইডি নং-৯৭০৭০৬০০১), সার্ভেয়ার (প্রকৌশল), ব্রাহ্মণবাড়ীয়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো ব্রাহ্মণবাড়ীয়া এর বিরুদ্ধে গত ২৪/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ সন্দেহাতিতভাবে প্রমাণিত হওয়ায় এবং তার চাকুরী অদ্যাবধি স্থায়ীকরণ না হওয়ায় কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-১১২৪-পাউবো(কউ)/আর-৪৭/২০১৮ তারিখ ১৫-১১-২০১৮ খ্রিঃ এর মাধ্যমে তাকে সার্ভেয়ার (প্রকৌশল) পদে নিয়োগ আদেশের শর্তাবলির ০২(ণ) শর্ত অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ হতে অর্থাৎ ২৪/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতীরেকে তাকে বাপাউবোর্ডের চাকুরী হতে চাকরীচ্যুত হিসাবে গণ্য করতঃ পদটি শূন্য বলে বিবেচনা করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

20/12/2022

(প্রনয় কুমার প্রামানিক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৩১২৩১০১৪
টেলিফোন নং-৮৮০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

অঃপৃঃদ্রঃ

E:\Eva Pradhan\order.s-1\B-baria.doc40

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩. ২৭.০০৫.০২২-১৮২(১৪)

তারিখঃ ০৫/০৯/১৪২৯বঙ্গাঃ
২০/১২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১. প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা পওর সার্কেল, বাপাউবো, কুমিল্লা।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন/হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
৫. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিনস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েভ সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭. নির্বাহী প্রকৌশলী, ব্রাহ্মণবাড়িয়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ব্রাহ্মণবাড়িয়া।
৮. সহকারী পরিচালক(আহিনি)/হিসাব রক্ষন কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কুমিল্লা।
৯. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০. জনাব আফরোজা আক্তার (আইডি নং-৯৭০৭০৬০০১), সার্ভেয়ার (প্রকৌশল) (চাকুরীচ্যুত), ব্রাহ্মণবাড়ীয়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ব্রাহ্মণবাড়ীয়া/প্রযত্নে পিতাঃ মোঃ আনোয়ার হোসেন, গ্রামঃ হাতিগাড়া, ডাকঘরঃ কালিরহাট, উপজেলাঃ আদর্শ সদর, জেলাঃ কুমিল্লা।

২০/১২/২০২২
(ফজলুল করিম)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৪০৩১১০০১
টেলিফোন-৮৮০২২২২২৩০০৭৯